# অভ্যুত্থানের চেতনা বাস্তবায়নেই লংমার্চের কর্মসূচি: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জনগণের অধিকার ও কল্যাণ নিশ্চিত করার পাশাপাশি অভ্যুত্থানের চেতনা বাস্তবায়নের লক্ষ্যেই ১১ দলীয় ঐক্য লংমার্চ কর্মসূচি ঘোষণা করেছে বলে জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান।

বৃহস্পতিবার (৩ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর মিন্টো রোডে বিরোধীদলীয় নেতার বাসভবনে বিশ্বজয়ী হাফেজদের সংবর্ধনা অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ কথা বলেন।

আগামী শনিবার অনুষ্ঠিতব্য লংমার্চ কর্মসূচি সফল করতে দেশবাসীর প্রতি আহ্বান জানান ডা. শফিকুর রহমান।

তিনি বলেন, জনগণের স্বার্থ রক্ষায় সরকার ব্যর্থ হয়েছে। সরকারের এই ব্যর্থতার কারণেই ১১ দলীয় ঐক্যকে রাজপথে কর্মসূচি দিতে হচ্ছে।

ডা. শফিকুর রহমান বলেন, দেশের মানুষের অধিকার আদায়ে বিরোধী দল সংসদের পাশাপাশি রাজপথেও সক্রিয় থাকবে এবং জনগণের দাবি নিয়ে সোচ্চার ভূমিকা পালন করবে।

এ সময় দেশের কওমি শিক্ষাব্যবস্থার মানোন্নয়নে সরকারের পর্যাপ্ত আন্তরিকতা নেই বলেও অভিযোগ করেন জামায়াত আমির।

LENS ASIA